তাং ... 28 MAY 2003 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬ ...

দৈনিক
ইত্তেফাক

# চ' বিতে চার বছর মেয়াদী বাধ্যতামূলক ইংরেজী শিক্ষা

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে কলা অনুষদের অধীনে অনার্স কোর্সে চার বছর মেয়াদী বাধ্যতামূলক ইংরেজী শিক্ষাদান কার্যক্রম চালু করা হয়েছে। কলা অনুষদের ভারপ্রাপ্ত ডীন অধ্যাপক ডঃ এ এন এম ওয়াহিদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ভিসি প্রফেসর এ জে এম নুরুদ্দীন চৌধুরী। বক্তব্য রাখেন সমাজ বিজ্ঞান অনুষদের ডীন ডঃ মোঃ মাহবুব উল্লাহ, ইংরেজী বিভাগের সভাপতি প্রফেসর গোলাম সারওয়ার চৌধুরী, সাংবাদিকতা বিভাগের সভাপতি আলী আজগর চৌধুরী প্রমুখ।